



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৭

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১২-৪৬৪৮

তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি-

ব্যবসায়ী অনিরুদ্ধ রায় গুম/ অপহরণের ঘটনায় মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে চিঠি

গত ০৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখ ব্যবসায়ী অনিরুদ্ধ কুমার রায়ের স্ত্রী সশরীরে হাজির হয়ে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হকের সাথে দেখা করে লিখিত অভিযোগ দিয়ে যান। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, তাঁর স্বামীর অস্বাভাবিক অপহরণের কারণে তিনি তাঁর সন্তানদের নিয়ে চরম অসহায় ও দুশ্চিন্তার মধ্যে দিনাতিপাত করছেন এবং তিনি তাঁর স্বামীকে সুস্থ অবস্থায় তাঁর নিকট ফিরিয়ে দেওয়ার আকুতি ব্যক্ত করেছেন।

এর প্রেক্ষিতে মাননীয় চেয়ারম্যান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন বরাবর ডি.ও. পাঠিয়েছেন। ডি.ও. তে উল্লেখ করা হয় যে, নিখোঁজ অনিরুদ্ধের স্ত্রীর সাথে কথোপকথনে ধারণা করা হয় যে, সম্ভবত ব্যবসায়িক বিরোধের জের ধরে প্রতিদ্বন্দ্বী কোন পক্ষ অনিরুদ্ধকে তুলে নিয়ে গেছে। এ ঘটনায় বর্তমানে নিখোঁজ অনিরুদ্ধের পরিবার চরম উৎকণ্ঠা ও নিরাপত্তাহীনতার মধ্যে রয়েছে। ডি.ও. তে আরও উল্লেখ করা হয় যে, মূলত নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব রাষ্ট্রের। অপহরণ বা গুমের শিকার হওয়া মানবাধিকারের চরম লঙ্ঘন। রাষ্ট্রের কোন স্বার্থাশ্রেষ্টী মানুষ তাঁর ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করতে যদি আইন শৃঙ্খলা বাহিনীর কোন সদস্যকে ব্যবহার করে থাকে তা অত্যন্ত দুঃখজনক। এতে জনমনে আতঙ্ক ও উৎকণ্ঠা বেড়ে যায়। ফলে, আইন শৃঙ্খলা বাহিনী তথা দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা রয়েছে। এমতাবস্থায়, ব্যবসায়ী অনিরুদ্ধ কুমার রায়কে দ্রুত খুঁজে বের করে তাঁর পরিবারের নিকট ফিরিয়ে দেওয়া ও এ ধরণের ঘটনার পুনরাবৃত্তি রোধে মাননীয় মন্ত্রীর হস্তক্ষেপ কামনা করা হয়।

উল্লেখ্য যে, ইতিমধ্যে গত ২৮ আগস্ট ২০১৭ তারিখ সংবাদ মাধ্যমে প্রকাশিত খবরের ভিত্তিতে অনারারি কামাল ব্যবসায়ী অনিরুদ্ধ কুমার রায় নিখোঁজের ঘটনাকে কমিশন গুরুত্বের সাথে আমলে নিয়ে তদন্ত-পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে বলা হয়েছে।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬